

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, জুন ৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ শাখা
পরিপত্র

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩/২৪ মে ২০২৬

বিষয়: বাংলাদেশ রেলওয়ের যাত্রীসেবায় ৬৫ বয়সোর্ধ ও শারীরিক প্রতিবন্ধী যাত্রীদের জন্য নির্ধারিত ভাড়ার ওপর ছাড় প্রদান।

নং ৫৪.০০.০০০০.০৪১.১৮.০০১.২৪.৪০—সরকার রেল পরিবহন ব্যবস্থাকে অধিকতর জনবান্ধব, সহজলভ্য ও অন্তর্ভুক্তিমূলক করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়েতে ভ্রমণের ক্ষেত্রে প্রতিবন্ধী ও ৬৫ (পয়ষট্টি) বছর ও তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তির টিকিট ক্রয়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে টিকিট মূল্যের ওপর ২৫% ছাড় প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

| ক্র. নং | শর্তসমূহ | |
|---------|---|---|
| | ৬৫ (পয়ষট্টি) বছর বা এর অধিক বয়স্ক ব্যক্তি | প্রতিবন্ধী ব্যক্তি |
| ১ | ব্যক্তির বয়স অবশ্যই ৬৫ বছর বা তদূর্ধ্ব হতে হবে, যা জাতীয় পরিচয়পত্র (NID) ডেটা হতে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত হবে। | রেল ভ্রমণের ক্ষেত্রে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন 'সুবর্ণ' পরিচয়পত্রধারী প্রতিবন্ধী ব্যক্তিগণকে এ সুবিধার আওতায় রাখা হবে। |
| ২ | শুধুমাত্র ভিত্তি মূল্যের ওপর ২৫% ছাড় প্রযোজ্য হবে। অন্যান্য চার্জ (যেমন: সার্ভিস চার্জ, ভ্যাট ইত্যাদি) বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রযোজ্য হবে। | আন্তঃনগর ট্রেনের সুলভ/শোভন শ্রেণিতে এবং যেসব ট্রেনে সুলভ/শোভন শ্রেণি নাই সেসব ট্রেনে শোভন চেয়ার শ্রেণির মোট ভাড়ার উপর বিদ্যমান সুবিধা অনুযায়ী ৫০% এবং নতুন করে সকল শীতাতপ শ্রেণিতে ২৫% ছাড়/রেয়াত প্রদান করা হবে। অন্যান্য চার্জ (যেমন: সার্ভিস চার্জ, ভ্যাট ইত্যাদি) বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রযোজ্য হবে। |

(১৮৪০৫)

মূল্য : টাকা ৪.০০

| ক্র. নং | শর্তসমূহ | |
|---------|--|--|
| | ৬৫ (পয়ষষ্টি) বছর বা এর অধিক বয়স্ক ব্যক্তি | প্রতিবন্ধী ব্যক্তি |
| ৩ | এই ছাড় সুবিধা অনলাইন এবং কাউন্টার টিকিটিং—উভয় মাধ্যমেই প্রযোজ্য হবে। | এই ছাড় সুবিধা আপতত: স্টেশন কাউন্টারে টিকিট ইস্যুর ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে ভবিষ্যতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সঙ্গে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন সাপেক্ষে পরিচয়পত্রধারী প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বাংলাদেশ রেলওয়ের অনলাইন টিকিট ইস্যুর ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ৪ | ব্যবহারকারীকে অবশ্যই বাংলাদেশ রেলওয়ের সিস্টেমে নিবন্ধিত হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র (NID) ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। | পরিচয়পত্রধারী প্রতিবন্ধী ব্যক্তির সহযাত্রীর জন্য নিয়মিত ভাড়া প্রযোজ্য হবে। |
| ৫ | একজন ৬৫ (পয়ষষ্টি) বছর বা তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তিকে প্রতি সপ্তাহে সর্বোচ্চ ২ (দুই) বার ২৫% ছাড় সুবিধা প্রদান করা হবে। এ ক্ষেত্রে সপ্তাহ গণনা যাত্রার তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। | |
| ৬ | যদি কোনো ডিসকাউন্টেড টিকিট রিফান্ড করা হয়, তাহলে সেই অর্ডারটি সাপ্তাহিক গণনা থেকে বাদ যাবে এবং ব্যবহারকারী একই সপ্তাহে পুনরায় ছাড় পাওয়ার যোগ্যতা অর্জন করবেন। | |
| ৭ | যদি কোনো ৬৫ (পয়ষষ্টি) বছর বা তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তি সহযাত্রীসহ বুকিং করেন, সে ক্ষেত্রে— | |
| | <ul style="list-style-type: none"> • সহযাত্রীর জন্য নিয়মিত ভাড়া প্রযোজ্য হবে। • যদি সহযাত্রীও ৬৫ (পয়ষষ্টি) বছর বা তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তি হন, তাহলে প্রতি বুকিংয়ে সর্বোচ্চ ১ (এক) জন অতিরিক্ত ৬৫ (পয়ষষ্টি) বছর ও তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তি (সহযাত্রী) ডিসকাউন্ট প্রাপ্য হবেন। তবে সংশ্লিষ্ট সহযাত্রীকে নিজস্ব নিবন্ধিত মোবাইল নম্বর দিয়ে আলাদাভাবে ভেরিফাইড হতে হবে। | |

০২। আগামী ২৫ মে ২০২৬ তারিখ হতে এ পরিপত্র কার্যকর হবে।

দিপন দেবনাথ
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd